5148 I 4946 200Rs.

INDIA NON JUDICIAL

২০০রু. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

P. fees Rs 4/50 in cts.

A 109.50
N 1.80
111.30

Sub-Registrar
Barrackpore
24 Pargs

Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerji
Paritosh Kumar Banerjee

২৪০০০৲ চব্বিশ হাজার টাকা মূল্যের সম্পত্তির চিহ্নিত
বন্টন নামাপত্র বা ডিড অফ পার্টিশন।

---

প্রথম পক্ষ – – – শ্রী সন্তোষ কুমার বন্দোপাধ্যায় পিতা ভূপেন্দ্র নাথ বন্দোপাধ্যায়, জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত। সাং জেলিয়াপাড়া, থানা খড়দহ, জেলা ২৪ পরগনা।

দ্বিতীয়পক্ষ – – – শ্রী পরিতোষ কুমার বন্দোপাধ্যায় পিতা ভূপেন্দ্র নাথ বন্দোপাধ্যায়, জাতি হিন্দু, পেশা অবসর প্রাপ্ত, সাং জেলিয়াপাড়া, থানা খড়দহ, জেলা ২৪ পরগনা।

তৃতীয় পক্ষ – – শ্রী মনতোষ কুমার বন্দোপাধ্যায় পিতা ভূপেন্দ্রনাথ

5979 2081
P. G. Banerji

25 MAY 1983

2881

× Santosh K Banerjee
2) Paritosh K Banerjee
3) Manotosh K Banerjee
S/o Lt. Bhupendra Nath Banerjee

12/15
29th July 83
Santosh K Banerjee

Jelia Para
Noapara

Santosh Kumar Banerjee
Santosh Kumar Banerjee
4631

Manotosh Kumar Banerji
4632

Paritosh Kumar Banerjee
4633

Panchu gopal Banerji

Ramesh Gopal Banerjee

29/7/83

40 Rs.






Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerji
Paritosh Kumar Banerjee

পিতা ভূপেন্দ্র নাথ বন্দোপাধ্যায় ।

জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং জেলিয়াপাড়া

থানা খড়দহ, জেলা২৪ পরগনা ।

বসত স্থাবর সম্পত্তির বন্টন নামা পত্র মিদং কার্য্যঞ্চাগে -

জেলা ২৪ পরগনা, বারাকপুর সাবরেজেষ্টারি, থানা খড়দহ অনুগত মৌজা খড়দহ, গ্রামে ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি পক্ষগনের পিতা দুইকেতা সাফ কোবালার দ্বারা খরিদ করিয়া নিজার্থে পাকা পোক্তা দ্বিতল ছয় কামরাযুক্ত ইমারত সমাজপাট প্রস্তুত করিয়া উহাতে তাহার অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ষোল আনা রকমে স্বত্ববান দ্বারা ভোগ দখলিকার থাকিয়া২৯শে জুন, ১৯৫৮ সালে স্ত্রী তিনপুত্র ও এক কন্যা রাখিয়া পরলোক গমন করিয়াছেন ।

Scanned with OKEN Scanner







Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

সম্পত্তি একত্রে ভোগ দখল করা আমাদের পক্ষে বিশেষ অসুবিধা হওয়ায় এবং বর্তমানে চিহ্নিত বিভাগ বন্টন করিয়া লইবার আবশ্যক হওয়ায় আমরা পক্ষগন সকলে একমত হইয়া ।ক। তপশীল বর্ণিত বিভাজ্য সম্পত্তি আমাদের মধ্যে সমান তিন অংশে আপোষ বিভাগ বন্টন করিয়া লইবার জন্য আমরা পক্ষগন একমত হইয়া আমাদের বিশেষ হিতৈষী, আত্মীয় ও বিদগ্ধ খড়দহ নিবাসী শ্রী শিশির ঘোষ ও শ্রী অসিত কুমার রায় মহাশয়গন কে মধ্যস্থ মান্য করি। এক্ষণে তাহাদের বিচক্ষণ মধ্যস্থতায় আমরা পক্ষত্রয় পরস্পরের সম্মতি ও ঐক্য মতে মধ্যস্থগনের নির্দ্ধারণ মতে ষোল আনা ।ক। তপশীল বর্ণিত বিভাজ্য সম্পত্তির বন্টন করিয়া লইলাম ।

উপরোক্ত আপোষ বন্টন সূত্রে আমি প্রথমপক্ষ শ্রী সন্তোষ কুমার বন্দোপাধ্যায় আমার /৪৸০ চারি কাঠা বার ছটাক জমি ও তদুপরিস্থিত

Scanned with OKEN Scanner






Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

তদুপরিস্থিত গৃহাদি যাহা নিম্ন ।খ। তপশীলে বর্ণিত হইল। আমি দ্বিতীয় পক্ষ শ্রী পরিতোষ কুমার বন্দোপাধ্যায় আমার /২/০ দুই কাঠা এক ছটাক জমি ও তদুপরিস্থিত গৃহাদি যাহা নিম্ন ।গ। তপশীলে বর্ণিত হইল।

তৃতীয়পক্ষ আমি শ্রী মনতোষ কুমার বন্দোপাধ্যায় আমার /২।।/১৫ দুই কাঠা নয়ছটাক পনেরো স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত গৃহাদি যাহা নিম্ন ।ঘ। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল।

আমরা পক্ষগন আমাদের পরস্পরের অংশে নির্দিষ্ট সম্পত্তি ও অন্যের বিনা স্বত্ব সংশ্রবে, নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারেশ স্থলাভিষিক্তগন ক্রমে যথেচ্ছা মতে ভোগ দখল করিতে থাকিব। তাহাতে কোন পক্ষ পুত্র, পৌত্রাদি ওয়ারেশ স্থলাভিষিক্তগন ক্রমে কস্মিন কালে কোন ওজর আপত্য করিতে পারিবেন না। প্রচারিত

Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

প্রচারিত থাকিল অমান্য করিয়া পক্ষগণের মধ্যে কেহ কাহারও দিকে কোন জানালা, দরজা, জল নিকাশী নল বা নর্দমা রাখিতে বা কেহ কাহারও অংশের উপর দিয়া যাতায়াত করিতে পারিবেননা। প্রকাশ থাকে নকসায় অঙ্কিত ঘরের উভয় সীমানার মধ্যে উভয়েরখরচে সিমানা দেওয়াল হইবে এবং পক্ষদ্বয়ের কমন দেওয়াল রক্ষা বেক্ষণ করিবার জন্য বা মেরামতকরিবার জন্য বর্দা পরিস্কার থাকিবে এবং পক্ষদ্বয় তুল্যাংশেখরচা বহন করিবে বা একে অপরকে মেরামত করিবার সুযোগ প্রদান করিবেন ।গ। তপশীলে যে মিটার ঘর দেখান আছে তাহা প্রথমও দ্বিতীয় পক্ষদ্বয় ব্যবহার করিতে পারিবে। ভবিষ্যতে কেহ কাহাকেও কোনরূপ বিঘ্ন সৃষ্টি করিতে পারিবেক না বা করিলেও তাহা সর্বথা বাতিল বলিয়া গন্য হইবে। প্রথমপক্ষের ।এ। চিহ্নিত সীমানার নিকট যে কুয়া আছে, উত্তর সীমানার ২১ ফুট দুই ইঞ্চি উভয়ের পার্শ্বে প্রথমও দ্বিতীয় পক্ষ দুই ফুট অংশ ছাড়িয়া তাহাদেরগৃহাদি নির্মান করিতে পারিবে তাহাতে উভয়পক্ষ বা তাহাদের ওয়ারিশানগন বা স্থলাভিষিক্তগন কস্মিন কালে কোন ওজর আপত্তি করিতে পারিবেননা করিলেও তাহা সর্বত্র বাতিল বা নামঞ্জুরহইবে। খ, গও ঘ তপশীলে উত্তর সীমানায় যে ৮৭ ফুট লম্বাও ৫ ফুট চওড়া এজমালি পথ দেখান আছে তাহা বজায় রাখিতে যে খরচা হইবে তাহা পক্ষদ্বয়গন তুল্যাংশে বহন করিবেন।

[redacted],

Paritosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

পক্ষগন দুই বৎসরের মধ্যে তাহাদের সকল সুযোগ সুবিধা করিয়া লইতে হইবে এবং দুই বৎসরের মধ্যে এক পক্ষ অপর পক্ষকে আপত্তি করিবে না ।

এই সকল সম্পত্তির খাজনা আমরা আমাদের নিজ নিজ অংশ অনুযায়ী পশ্চিম বংগ সরকারে আদায় দিব । এই বনটন নামায় লিখিত সম্পত্তি ইতিপূর্বে কোন স্থানে কোন প্রকারে হস্তান্তরিত বা দায়বদ্ধ নাই বা কোন দেনার দায়ে ক্রোকাবদ্ধ নাই । সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমরা বিভাগ বনটন করিয়া লইলাম। পক্ষগণের মধ্যে যদি কাহারও ব্যক্তিগত ঋণের জন্য মহাজন নালিশ করেন তাহা হইলে যে পক্ষের দেনা হইবে সেই পক্ষের সম্পত্তি হইতে টাকা আদায় হইবে, অপর পক্ষ বা পক্ষগন তাহার জন্য দায়ি হইবেন না ।

আমাদিগের এজমালি সম্পত্তি সংক্রান্ত কাগজ পত্র, কাইনাল পরচা খাজনার দাখিলা এবং অন্যান্য টাইটেল দলিল পত্রাদি যাহা ছিল তাহা প্রথম পক্ষের নিকট থাকিল। দ্বিতীয় ও তৃতীয় পক্ষের আবশ্যক মতে ঐ সকল কাগজ পত্র প্রথম পক্ষ দ্বিতীয় ও তৃতীয়পক্ষকে দেখাইতে বা যথাস্থানে দাখিল করিতে বাধ্য থাকিবেন। যাহা ।চ। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল ।

অত্র পার্টিশানের মূল কপিটি প্রথম পক্ষের নিকট থাকিবে, ডুপ্লিকেট বা ট্রিপলিকেট যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় পক্ষের প্রয়োজনে প্রথমপক্ষ মূল পার্টিশন দলিলখানি দ্বিতীয়ও তৃতীয়পক্ষকে দিতে বাধ্য থাকিবেন।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরণে অন্যের বিনানুরোধে আমরা

Scanned with OKEN Scanner

Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

আমরা পরস্পর ঐক্যমত হইয়া আপন আপন ইচ্ছায় এই বন্টন নামাপত্র সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৯০ সাল ১২ই শ্রাবণ ~~[illegible]~~ ইং সন ১৯৮৩ সাল ২৮এ জুলাই ~~[illegible]~~।

(ক) তপশীল বিভাজ্য সম্পত্তি ।

জেলা ২৪ পরগনা, থানা খড়দহ সাবরেজেষ্ট্রী বারাকপুরের সামিল ও মৌজা খড়দহ গ্রামে জে এল নং ২ রেঃ সাঃ নং১৮ তৌজি নং ১৪৫ অনুগত বর্তমান পঃ বংগ সরকার পক্ষে ২৪ পরগনা কালেকটার বাহাদুরে অধিকারে আর, এস ১০৬ ও ১০৭ নংখতিয়ান ভুক্ত ১১৭৯ এক হাজার একশত উনআশি নম্বর দাগে ১ কম বাস্তু সাবেক ডাক স্থানীয় মাপে ।।০ দশ কাঠা হাল সেটেলমেন্ট জরিপের ইং মাপে ১৬ শতক রেজেষ্ট্রীকৃত পাট্টা মূলে মোকররীয় মৌরুসী স্বত্ব বিশিষ্ট জমির কাত বার্ষিক সায় তদুপরিস্থিত পাকা দ্বিতল গৃহাদি সায় সাজপাট ও একটা সেনেটারি পায়খানা সহ দরবস্ত সমুক সম্পত্তি যাহার হোল্ডিং নং ৪৬, ওয়ার্ড নং ১৬ টীটাগড় মিউনিসিপ্যালিটির অনুগত ।

যাহার মূল্য ২৪,০০০্ চব্বিশ হাজার টাকা ।

চৌহদ্দি -

উত্তর - অনন্ত মিস্ত্রীর বাড়ী ।

পূর্ব - দুলাল ঘোষের বাড়ী।

দক্ষিণ ও পশ্চিম - মিউনিসিপ্যালিটির রাস্তা ।

Santosh Kumar Banerjee

Monotosh Kumar Banerjee

Paritosh Kumar Banerjee

।খ। তপশীল সম্পত্তি বিবরণ।

।ক। তপশীল বিশেষ ভাবে বর্ণিত খড়দহ মৌজার ১০৬ও ১০৭ নং খতিয়ান ভুক্ত ১১৭৯ নং দাগের সম্পত্তি যাহা অত্র বন্টন নামা মূলে প্রথম পক্ষ শ্রী সন্তোষকুমার বন্দোপাধ্যায় এর /৪৸০ চারি কাঠা বার ছটাক জমি মায় গৃহাদি যাহা অত্র সহ দাখিলি নকসায় ।এ। চিহ্নিত লাল বর্ণের সীমানা রেখার দ্বারা রক্ষিত ও বেষ্টিত ইং মাপে ০৭৮৩ শতক বাস্তু বসত সুত্তীয় জমি।

যাহার মূল্য ১২০০০্বার হাজার টাকা।

চৌহদ্দি -

উত্তর - - - কমন প্যাসেজ।

পূর্ব - - - দুলাল ঘোষের বাড়ী।

দক্ষিণ - - মিউনিসিপ্যালিটির রাস্তা।

পশ্চিম - - দ্বিতীয় পক্ষের অংশ।

।গ। তপশীল সম্পত্তির বিবরণ।

।ক। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত খড়দহ মৌজার ১০৬ ও ১০৭ নং খতিয়ান ভুক্ত ১১৭৯ নং দাগে দ্বিতীয়পক্ষ শ্রী পরিতোষ কুমার বন্দোপাধ্যায় এর /২/০ দুই কাঠা এক ছটাক জমি মায় গৃহাদি যাহা অত্র সহ দাখিলী নকসায় ।বি। চিহ্নিত হলুদ বর্ণের সিমানা রেখার দ্বারা রক্ষিত ও বেষ্টিত ইং মাপে ০৩৪০ শতক বাস্তু বসত সুত্তীয় জমি।

যাহার মূল্য ৫০০০্ পাঁচ হাজারটাকা।

Scanned with OKEN Scanner

Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

চৌহদ্দি -

উত্তর - - - কমন প্যাসেজ।

পূর্ব - - - প্রথম পক্ষের অংশ।

দক্ষিণ - - - মিউনিসিপ্যালিটির রাস্তা।

পশ্চিম - - - তৃতীয় পক্ষের অংশ।

।খ। তপশীল সম্পত্তির বিবরণ।

।ক। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত খড়দহ মৌজায় ১০৬ ও ১০৭ নং খতিয়ান ভুক্ত ১১৭৯ নং দাগে তৃতীয়পক্ষ শ্রী মনতোষ কুমার বন্দোপাধ্যায় এর /২।।/১৫ দুই কাঠা নয় ছটাক পনেরো স্কোয়ার ফিট জমি সায় গৃহাদি যাহা অত্র সহ দাখিলি নকসায় ।গ। চিহ্নিত সবুজ বর্ণের রেখার দ্বারা রক্ষিত ও বেষ্টিত ইং মাপে ০৪২৭ শতক বাস্তু বসত সত্বায় জমি।

যাহার মূল্য ৭০০০ সাত হাজার টাকা।

চৌহদ্দি -

উত্তর - - - কমন প্যাসেজ।

পূর্ব - - - দ্বিতীয় পক্ষের অংশ।

দক্ষিণ ও পশ্চিম - - মিউনিসিপ্যালিটির রাস্তা।

।ঙ। তপশীল সম্পত্তির বিবরণ।

যাহা পক্ষগণের মধ্যে এজমালি পথ রূপে ব্যবস্থা রহিল। যাহা

Santosh Kumar Banerjee
Monotosh Kumar Banerjee
Paritosh Kumar Banerjee

যাহা খড়দহ মৌজায় ১০৬ ও ১০৭ নংখতিয়ান ভুক্ত ১১৭৯ নং দাগের

তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে ০১ এক শতক [illegible] সংলগ্ন নকসায় লাল চিহ্নিত

রঙের রেখার দ্বারা বৃত্তিত বা বেষ্টিত।

Santosh Kumar Banerjee

Monotosh Kumar Banerjee

Paritosh Kumar Banerjee

Drafted by me
Panchugopal Banerjee
Advocate

সাক্ষী - Sisir Kumar Ghosh
S/o Sri Manmatha Nath Ghosh
29/7/83

Commissioner,
Titaghur Municipality.

Asit Kumar Ray
S/o Late Anil Kumar Ray
29.7.83
Khardah Jelia Para

টাইপকারক
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা।